

## বিকল্প ব্যবস্থাপনায় বাংলাদেশিদের ভিসা দিতে রাজি রোমানিয়া

- A Monitor Desk Report

Date: 14 April, 2025



ঢাকাঃ বাংলাদেশি নাগরিকদের ভিসা প্রক্রিয়ায় বিকল্প ব্যবস্থা চালুর বিষয়ে সম্মতি জানিয়েছে রোমানিয়া। পররাষ্ট্র উপদেষ্টা মো. জৌহিদ হোসেনের প্রস্তাবের পর এ সিদ্ধান্ত নিয়েছে দেশটি।

শনিবার (১২ এপ্রিল) তুরস্কে অনুষ্ঠিত 'আন্টালিয়া কূটনৈতিক ফোরাম'-এর ফাঁকে রোমানিয়ার পররাষ্ট্রমন্ত্রী এমিল হরিজেনুর সঙ্গে বৈঠক করেন বাংলাদেশের পররাষ্ট্র উপদেষ্টা। সেখানেই তিনি এই প্রস্তাব উত্থাপন করেন।

পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে জানানো হয়, বৈঠকে দুই দেশের পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট নানা খাত নিয়ে আলোচনা হয়। বিশেষভাবে বৈধ অভিবাসনকে উৎসাহিত করার পাশাপাশি এই খাতে গতিশীলতা আনতে একটি দ্বিপক্ষীয় চুক্তি স্বাক্ষরের বিষয়ে উভয়পক্ষ একমত হয়।

এছাড়া কৃষি, গাড়ি ও রেল শিল্প, বাণিজ্য এবং বিনিয়োগ খাতে সহযোগিতা জোরদার করতেও সম্মত হয়েছে বাংলাদেশ ও রোমানিয়া। ইউরোপীয় ইউনিয়নে বাংলাদেশের জিএসপি প্লাস সুবিধা বজায় রাখার প্রচেষ্টাকেও সমর্থন দেবে রোমানিয়া। বৈঠকে এমন আশ্বাসও মিলেছে।

বর্তমানে ভারতে অবস্থিত রোমানিয়ার দূতাবাস থেকে বাংলাদেশিদের ভিসা দেওয়া হয়। তবে বিকল্প ব্যবস্থায় ভিসা প্রক্রিয়া সহজ ও দ্রুত করতে চায় দুই দেশই। এই নতুন পদক্ষেপ সেই লক্ষ্যেই একটি গুরুত্বপূর্ণ অগ্রগতি বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

-B